## রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

## Office of the Registrar
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh.


স্মারক নং -পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/১৪৬৩ তারিখ ২৬.৫.২০২২ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত শূন্যপদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

| ক্র. নং | পদের নাম, বেতন স্কেল ও পদের সংখ্যা | বিভাগ/শাখা |
|---|---|---|
| ১. | প্রভাষক- ৭ (সাত) টি<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং বিভাগ-১টি, হর্টিকালচার বিভাগ-১টি, এনভায়রনমেন্টাল স্যানিটেশন বিভাগ-১টি, ফুড মাইক্রোবায়োলজি বিভাগ-১টি, কমিউনিটি হেলথ এন্ড হাইজিন বিভাগ-১টি, পোস্ট হারভেস্ট টেকনোলজি এন্ড মার্কেটিং বিভাগ-১টি, প্যাথলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগ-১টি। |

উপরোক্ত পদ সমূহে আবেদন করার যাবতীয় তথ্যাদি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.pstu.ac.bd) থেকে সংগ্রহ করতে হবে।

**আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ১২.৬.২০২২ খ্রি. (বিকেল ৫ টা পর্যন্ত)।**

26.05.2021

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Phone +8804427-56008, PABX +8804427-56014/221, FAX +8804427-56112, E-mail: registrar@pstu.ac.bd

রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

Office of the Registrar
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh.

**২৬.৫.২০২২ খ্রি. তারিখের পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/১৪৬৩ স্মারক মর্মে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির তথ্যাদিঃ**

| ক্র. নং | পদের নাম, বেতন স্কেল ও পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১. | প্রভাষক- ৭ (সাত) টি<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-'১৫ (গ্রেড-৯) | |
| (ক) | জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং বিভাগ-১টি, হর্টিকালচার বিভাগ-১টি, এনভায়রনমেন্টাল স্যানিটেশন বিভাগ-১টি, ফুড মাইক্রোবায়োলজি বিভাগ-১টি, পোস্ট হারভেস্ট টেকনোলজি এন্ড মার্কেটিং বিভাগ-১টি, প্যাথলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগ-১টি। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট অনুষদ/বিভাগীয় স্নাতক ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল স্তরে প্রথম বিভাগ/শ্রেণী থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির জন্য এস.এস.সি ও সমমানের এবং এইচ.এস.সি ও সমমানের পরীক্ষার ক্ষেত্রে জিপিএ ৩.০০ বা তদূর্ধ এবং স্নাতক/স্নাতকোত্তর পরীক্ষার ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ এর জন্য কমপক্ষে ৪.৬ এবং জিপিএ/সিজিপিএ ৪.০ এর জন্য কমপক্ষে ৩.৬ থাকতে হবে।<br>প্রথম শ্রেণী/সমমানের গ্রেড প্রাপ্ত স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থী অগ্রাধিকার পাবে। প্রার্থীর চূড়ান্ত বাছাই "বাছাই বোর্ড" কর্তৃক ক্রাইটেরিয়া মোতাবেক মেধাভিত্তিক করা হবে। প্রার্থীর বয়স অনূর্ধ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনিদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বছর। |
| (খ) | কমিউনিটি হেলথ এন্ড হাইজিন বিভাগ-১টি। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট অনুষদ/বিভাগীয় স্নাতক/এমবিবিএস ডিগ্রীর অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল স্তরে প্রথম বিভাগ/শ্রেণী থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির জন্য এস.এস.সি ও সমমানের এবং এইচ.এস.সি ও সমমানের পরীক্ষার ক্ষেত্রে জিপিএ ৩.০০ বা তদূর্ধ এবং স্নাতক/স্নাতকোত্তর পরীক্ষার ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ এর জন্য কমপক্ষে ৪.৬ এবং জিপিএ/সিজিপিএ ৪.০ এর জন্য কমপক্ষে ৩.৬ থাকতে হবে।<br>প্রথম শ্রেণী/সমমানের গ্রেড প্রাপ্ত স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থী অগ্রাধিকার পাবে। প্রার্থীর চূড়ান্ত বাছাই "বাছাই বোর্ড" কর্তৃক ক্রাইটেরিয়া মোতাবেক মেধাভিত্তিক করা হবে। প্রার্থীর বয়স অনূর্ধ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনিদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বছর। |

শর্তাবলী ঃ

১. অত্র বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) এর সিজিপিএ এর ভিত্তিতে প্রতিটি পদের জন্য ১০ (দশ) জন প্রার্থী বাছাই পূর্বক শর্ট লিস্ট তৈরি করে পরীক্ষা গ্রহণ করা হবে।

২. স্মারক নং -পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/১১৪৩ ও তারিখ ৩১.১০.২০২০ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

৩. আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত ১০ (দশ) সেট দরখাস্ত রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী বরাবর আগামী ১২.৬.২০২২ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর সরাসরি/ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্র ও আবেদন করার যাবতীয় তথ্যাদি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.pstu.ac.bd) থেকে সংগ্রহ করতে হবে।

৪. প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত সনদপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা দ্বারা সত্যায়িত) সংযুক্ত করতে হবেঃ-

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র;

(ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

৫. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অবশ্যই আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৬. সরকারী বিধি-বিধানের আলোকে নিয়োগ পদ্ধতিতে বিভিন্ন কোটা অনুসরণযোগ্য। এই ক্ষেত্রে আবেদনে উল্লেখসহ প্রয়োজনীয় প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

৭. উপজাতীয় সম্প্রদায়ভূক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।

৮. অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী যথাযথ অভিজ্ঞতার বিবরণ দিতে হবে।

৯. আবেদনপত্রের সাথে 'পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী' শিরোনামে রূপালী ব্যাংক, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে (রূপালী ব্যাংকের যে কোন শাখা হতে) ৯০০/- (নয়শত) টাকা (অফেরতযোগ্য) মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১০. প্রার্থীকে আবেদনকৃত পদের নাম ও বিভাগ খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১১. লিখিত/মৌখিক পরীক্ষার ভিত্তিতে বাছাই প্রক্রিয়া সম্পন্ন হবে।

১২. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না (শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে)। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৪. যে কোন পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫. অভিজ্ঞতার ক্ষেত্রে প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীর অভিজ্ঞতা বিবেচ্য হিসেবে গন্য হবে।

১৬. নিয়োগের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে।

বিদ্র: লিখিত/মৌখিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.pstu.ac.bd) জানানো হবে।

26.05.2022
(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।